

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৭, ২০১৪

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ ভাদ্র, ১৪২১ মোতাবেক ০৭ সেপ্টেম্বর, ২০১৪

নিম্নলিখিত বিলটি ২৩ ভাদ্র, ১৪২১ মোতাবেক ০৭ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ১৯/২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৬ এর অধিকতর  
সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু সংবিধানের অনুচ্ছেদ ৭ অনুযায়ী প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ এবং  
জনগণের পক্ষে এ ক্ষমতার প্রয়োগ কেবল সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হইবে; এবং

যেহেতু সংসদের মাধ্যমে জনগণের ইচ্ছার বহিঃপ্রকাশ হিসাবে রাষ্ট্রের সর্বোচ্চ পদে অধিষ্ঠিত  
রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী বা স্পীকারকে, যথাক্রমে, অভিশংসন, পদত্যাগ বা অপসারণের বিধানাবলী  
(১৯৭২ সনে প্রণীত সংবিধানের অনুচ্ছেদ ৫২, ৫৭ ও ৭৪) অদ্যাবধি অপরিবর্তিত রহিয়াছে; এবং

যেহেতু সামরিক শাসক অসাংবিধানিক পন্থায় সংবিধানের অনুচ্ছেদ ৯৬ সামরিক ফরমান  
Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 এর Second Schedule দ্বারা  
পরিবর্তনক্রমে সুপ্রীম কোর্টের কোন বিচারককে অসদাচরণ বা অসামর্থ্যের অভিযোগে অপসারণের ক্ষমতা  
সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল এর নিকট ন্যস্ত করেন; এবং

( ১৮১৩৭ )

মূল্য : টাকা ৮.০০

যেহেতু সামরিক ফরমান দ্বারা সাধিত সংবিধানের উক্ত সংশোধন অনুচ্ছেদ ৭ এর চেতনার পরিপন্থী; এবং

যেহেতু জনগণের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা গঠিত সংসদে রাষ্ট্রের অন্যান্য অপের ন্যায় উচ্চ আদালতের বিচারকদের জবাবদিহিতার নীতি বিশ্বের অধিকাংশ গণতান্ত্রিক রাষ্ট্রে বিদ্যমান রহিয়াছে; এবং

যেহেতু সংবিধান সংশোধনক্রমে সংসদে জনপ্রতিনিধিদের নিকট সুপ্রীম কোর্টের কোন বিচারককে অসদাচরণ বা অসামর্থ্যের অভিযোগে অপসারণের ক্ষমতা পুনর্বহাল করা সংবিধানের সামগ্রিক চেতনা ও কাঠামোর সহিত সামঞ্জস্যপূর্ণ; এবং

যেহেতু ১৯৭২ সনের সংবিধানের অনুচ্ছেদ ৯৬ পুনঃপ্রবর্তনের লক্ষ্যে সংবিধান অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। সংবিধানের অনুচ্ছেদ ৯৬ এর প্রতিস্থাপন।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৬ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৯৬ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৯৬। বিচারকদের পদের মেয়াদ।—(১) এই অনুচ্ছেদের বিধানাবলী-সাপেক্ষে কোন বিচারক সাতষষ্ঠি বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত স্থায় পদে বহাল থাকিবেন।

(২) প্রমাণিত অসদাচরণ বা অসামর্থ্যের কারণে সংসদের মোট সদস্য-সংখ্যার অনূন্য দুই-তৃতীয়াংশ গরিষ্ঠতার দ্বারা সমর্থিত সংসদের প্রস্তাবক্রমে প্রদত্ত রাষ্ট্রপতির আদেশ ব্যতীত কোন বিচারককে অপসারিত করা যাইবে না।

(৩) এই অনুচ্ছেদের (২) দফার অধীন প্রস্তাব সম্পর্কিত পদ্ধতি এবং কোন বিচারকের অসদাচরণ বা অসামর্থ্য সম্পর্কে তদন্ত ও প্রমাণের পদ্ধতি সংসদ আইনের দ্বারা নিয়ন্ত্রণ করিবেন।

(৪) কোন বিচারক রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্থায় পদ ত্যাগ করিতে পারিবেন।”।

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৭ এর বিধান অনুযায়ী প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ এবং তাঁহাদের পক্ষে এ ক্ষমতার প্রয়োগ কেবল সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হইবে। ইহার প্রতিফলনে ১৯৭২ সনে প্রণীত সংবিধানে রাষ্ট্রের সর্বোচ্চ পদে অধিষ্ঠিত রাষ্ট্রপতিকে সংসদ কর্তৃক অভিশংসনের মাধ্যমে অপসারণ (অনুচ্ছেদ ৫২), সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন হারাইলে প্রধানমন্ত্রীর পদত্যাগ (অনুচ্ছেদ ৫৭), সংসদ সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে সমর্থিত প্রস্তাবের মাধ্যমে স্পীকারকে অপসারণ (অনুচ্ছেদ ৭৪) এবং সংসদের মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার দ্বারা সমর্থিত প্রস্তাবের মাধ্যমে সুপ্রীম কোর্টের বিচারকগণকে অপসারণের বিধান (অনুচ্ছেদ ৯৬) ছিল। রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পীকারকে, যথাক্রমে, অভিশংসন, পদত্যাগ ও অপসারণ সম্পর্কিত পূর্ববর্তী বিধান অদ্যাবধি অপরিবর্তিত থাকিলেও সামরিক শাসক কর্তৃক অসাংবিধানিক পন্থায় সামরিক ফরমান Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 এর Second Schedule দ্বারা সুপ্রীম কোর্টের কোন বিচারকের অসদাচরণ বা অসামর্থ্যের অভিযোগে অপসারণের বিধান পরিবর্তনক্রমে সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি এবং অপর দুইজন প্রবীন বিচারকের সমন্বয়ে গঠিত সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিলের উপর ন্যস্ত করা হয়, যাহা সংবিধানের অনুচ্ছেদ ৭ এর চেতনার পরিপন্থী। জনগণের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা গঠিত সংসদে রাষ্ট্রের অন্যান্য অঙ্গের ন্যায় উচ্চ আদালতের বিচারকদের জবাবদিহিতার নীতি বিশ্বের অধিকাংশ গণতান্ত্রিক রাষ্ট্রে বিদ্যমান রহিয়াছে।

বর্ণিত প্রেক্ষাপটে, ১৯৭২ সনের সংবিধানের অনুচ্ছেদ ৯৬ পুনঃপ্রবর্তনের মাধ্যমে সুপ্রীম কোর্টের বিচারকগণকে সংসদের মাধ্যমে অপসারণের বিধান পুনঃপ্রবর্তনের মাধ্যমে অনুচ্ছেদ ৭ এর চেতনা পুনর্বহালের লক্ষ্যে জাতীয় সংসদে সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ এর বিল উত্থাপন করা হইয়াছে। বিলটি আইনে পরিণত হইলে স্বাধীন বিচার বিভাগের প্রতি জনগণের আস্থা আরো বৃদ্ধির পাশাপাশি নির্বাচিত জনপ্রতিনিধির নিকট উহার জবাবদিহিতা থাকা সংক্রান্ত সংবিধানের মৌলিক কাঠামো সমুন্নত থাকিবে মর্মে আশা করা যায়।

আনিসুল হক

ভারপ্রাপ্ত মন্ত্রী।

## বা. জা. স. বিল নং ১৯/২০১৪

*A Bill further to amend article 96 of the Constitution of the People's Republic of Bangladesh*

**WHEREAS** according to article 7 of the Constitution, all powers in the Republic belong to the people, and their exercise on behalf of the people shall be effected only under, and by the authority of, this Constitution; and

**WHEREAS** as the solemn expression of the will of the people, the provisions relating to impeachment, resignation or removal, respectively, of the President, the Head of the State, the Prime Minister or the Speaker (articles 52, 57 and 74 of the Constitution enacted in 1972) still remains unchanged; and

**WHEREAS** the power to remove a Judge of the Supreme Court on ground of his misbehaviour or incapacity was conferred to the Supreme Judicial Council by Changing article 96 of the Constitution enacted in 1972, by the military ruler through unconstitutional means of martial law proclamation namely the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978, Second Schedule; and

**WHEREAS** such amendment brought by the Martial Law Proclamation is against the spirit of article 7 of the Constitution; and

**WHEREAS** in most of the democratic countries in the world, the principle of accountability of the Judges of the superior court, like other organs of the State, lies in the Parliament consisting of the elected representatives of the people; and

**WHEREAS** reinstating the power to remove a Judge of the Supreme Court on ground of his misbehaviour or incapacity by the elected representatives of the people in the Parliament is consistent with the overall spirit and structure of the Constitution; and

**WHEREAS** it is expedient and necessary further to amend the Constitution for revival of article 96 of the Constitution enacted in 1972;

It is hereby enacted as follows:—

**1. Short Title.**—This Act may be called the Constitution (Sixteenth Amendment) Act, 2014.

**2. Substitution of article 96 of the Constitution.**—In the Constitution, for article 96, the following article 96 shall be substituted, namely:—

**“96. Tenure of office of Judges.**—(1) Subject to the provisions of this article, a Judge shall hold office until he attains the age of sixty-seven years.

(2) A Judge shall not be removed from his office except by an order of the President passed pursuant to a resolution of Parliament supported by a majority of not less than two-thirds of the total number of members of Parliament, on the ground of proved misbehaviour or incapacity.

(3) Parliament shall by law regulate the procedure in relation to a resolution under clause (2) and for investigation and proof of the misbehaviour or incapacity of a Judge.

(4) A Judge may resign his office by writing under his hand addressed to the President.”.

---

### **Statement of objects and reasons**

In accordance with article 7 of the Constitution of the People’s Republic of Bangladesh, all powers in the Republic belong to the people, and their exercise on behalf of the people shall be effected only under, and by the authority of, this Constitution. On its reflection, in the Constitution enacted in 1972, there were provisions relating to impeachment of the President, the Head of the State (article 52), resignation of the Prime Minister for ceasing to retain the support of a majority of the members of Parliament (article 57), removal of the Speaker by a resolution supported by the votes of a majority of all members of Parliament (article 74), and removal of a Judge of the Supreme Court pursuant to a resolution of Parliament supported by a majority not less than two-thirds of the total number of members of Parliament (article 96). Though the provisions relating to impeachment, resignation or removal, respectively, of the President, the Prime Minister or the Speaker still remains unchanged; the military ruler by unconstitutional means of Martial Law proclamation namely the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978, Second Schedule, conferred the power of removal of a Judge of the Supreme Court on ground of his misbehaviour or incapacity to the Supreme Judicial Council consisting of the

Chief Justice and the two next senior Judges which is against the spirit of Article 7. In most of the democratic countries in the world the principle of accountability of the Judges of the superior court, like other organs of the State, lies in the Parliament consisting of the elected representatives of the people.

In the foregoing circumstances, to reinstate the spirit of article 7 by reviving the provisions of article 96 of the Constitution enacted in 1972 for removal of a Judge by the Parliament, the Bill namely the Constitution (Sixteenth Amendment) Act, 2014 is hereby introduced in the House of the Nation. It is expected that if the Bill is transformed into an Act, the basic structure of the Constitution relating to the accountability of the Judges of the Supreme Court to elected representatives of the people along with enhancement of the people's reliance to the independent judiciary shall remain upheld.

**Anisul Hoque**  
Minister in-charge.

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।